পাকিস্তানে সশস্ত্র গোষ্ঠীর বিরুদ্ধে অভিযানে নিহত ৭৪



ছবি: সংগৃহীত

আফগানিস্তান সীমান্তবর্তী পাকিস্তানের বিভিন্ন এলাকায় নিরাপত্তা বাহিনীর অভিযান ও হামলায় গত ১০ দিনে অন্তত ৭৪ জন নিহত হয়েছেন। শুক্রবার (১৩ নভেম্বর) সামরিক কর্মকর্তাদের বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে বার্তা সংস্থা এপি।

পাকিস্তান সেনাবাহিনীর বিবৃতি অনুযায়ী, খাইবার পাখতুনখোয়া প্রদেশের মির আলী ও ওড়াকজাই জেলায় অভিযানে ৪৩ জন নিহত হয়েছেন। এ সময় অস্ত্র, গোলাবারুদ ও বিস্ফোরক উদ্ধার করা হয়।

এ ছাড়া ৩ নভেম্বর থেকে বেলুচিস্তানে চালানো পৃথক অভিযানে আরও ৩১ জন নিহত হয়েছেন। দীর্ঘদিন ধরে বিদ্রোহী গোষ্ঠী বেলুচ লিবারেশন আর্মির (বিএলএ) তৎপরতা ঘিরে অস্থিরতা চলছে প্রদেশটিতে।

অন্যদিকে, পাকিস্তানে সশস্ত্র গোষ্ঠীগুলোকে সহায়তার অভিযোগ অস্বীকার করে আসছে আফগানিস্তানের তালেবান সরকার। পাকিস্তানি তালেবান (টিটিপি) আফগান তালেবানের সঙ্গে আদর্শগতভাবে ঘনিষ্ঠ হলেও এটি পৃথক সংগঠন। ২০২১ সালে আফগানিস্তানে তালেবান ক্ষমতায় ফেরার পর টিটিপির অনেক নেতা ও যোদ্ধা সীমান্ত পেরিয়ে সেখানে আশ্রয় নিয়েছেন বলে অভিযোগ রয়েছে। এ নিয়ে দীর্ঘদিন ধরে পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যে উত্তেজনা চলছে।